5.A

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৫৮৯

তারিখ : ০২/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : **দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত এবং সংখ্যালঘু সম্প্রদায়সমূহের উপবৃত্তি ও পেশামূলক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্যে ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, হিসাবধারীর নাম (বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর নামে) সহ বিভিন্ন ধরনের ভুল রয়েছে। এছাড়া কিছু শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর Inactive/Freeze থাকায় EFT Bounced Back হয়েছে। ফলশ্রুতিতে, সকল শিক্ষার্থীর বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে জমা হয়নি। ইতোপূর্বে একাধিকবার বিজ্ঞপ্তি দেয়া সত্ত্বেও Bounced Back হওয়া সকল শিক্ষার্থীর তথ্য প্রতিষ্ঠান হতে সংশোধন করা হয়নি।

এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) উল্লিখিত শিক্ষার্থীদের বর্ণিত তথ্যসমূহ আগামী **০৭/০৫/২০২৩ তারিখের মধ্যে** MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে Bounced Back কৃত শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

<u>MIS সফটওয়ারে তথ্যের ভুল সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :</u>

০১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০২। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ শিক্ষার্থীর এন্ট্রিকৃত হিসাবধারীর নামের স্থলে প্রথমে শিক্ষার্থীর নাম, তারপর and এবং তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজিতে এন্ট্রি করতে হবে;
০৩। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৪। বৃত্তির গেজেটে শিক্ষার্থীর নামের বানান, MIS সফ্‌টওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানান এবং হিসাবধারীর নামের বানান অভিন্ন হবে। বৃত্তির গেজেটে নামের বানানে হাইফেন ( - ) থাকলে MIS সফ্‌টওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানানে হাইফেন দিতে হবে। কিন্তু হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের বানানে হাইফেনের স্থলে Single Space দিতে হবে;
০৫। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৬। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
০৭। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে;
০৮। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের **স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);**
০৯। তথ্যাদি প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;

**<u>তথ্য পূরণ/সংশোধন এর জন্য লিংক নিম্নরূপ :</u>**

- DSHE Scholarship MIS এর URL (লিংক) : scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login

স্বাক্ষরিত/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৫৮৯/২০

তারিখ : ০২/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, ঢাকা
০৬. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৭. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১০. রেজিষ্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১১. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১২. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ ( সরকারি/বেসরকারি .....সকল )
১৩. অধ্যক্ষ, সরকারি /বেসরকারি কলেজ (সকল)
১৪. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [**"দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত এবং সংখ্যালঘু সম্প্রদায়সমূহের উপবৃত্তি ও পেশামূলক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন ]"**- শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কুলে প্রকাশের অনুরোধসহ]
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৯. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২০. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

৩০/৪/২০২৩
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং